অতীব জরুরী

বাংলাদেশ জাতীয় সংসদ
"সর্বোচ্চ অগ্রাধিকার"

# বাংলাদেশ জাতীয় সংসদ

২০১৮ সালের ১ ফেব্রুয়ারী, বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

Comilla

* ১১৯২। জনাব নূরুল ইসলাম মিলন (কুমিল্লা-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুমিল্লা-চাঁদপুর মহাসড়কের মাঝামাঝি পয়েন্ট খাজুরিয়া হইতে বরুড়া উপজেলা সদর হইয়া নিমসার পর্যন্ত সড়কটি এবং বরুড়া উপজেলা সদর হইতে লালমাই পাহাড়ের উপর দিয়া কোটবাড়ী হইয়া কুমিল্লা জেলা সদর পর্যন্ত গৃহীত সড়কটি বাস্তবায়নে তড়িৎ ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা; ইতোমধ্যে প্রি-একনেক সম্পন্ন হইয়াছে; মন্ত্রণালয় জরুরীভাবে ব্যবস্থা গ্রহণ পূর্বক কতদিনের মধ্যে কার্যক্রম শুরু করিবে?

Bogra

* ১১৯৩। জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

Dhaka/BRT

* ১১৯৪। নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানী ঢাকা শহরকে যানজটমুক্ত করিবার লক্ষ্যে আপনার মন্ত্রণালয়াধীন নতুন কোনো ফ্লাইওভার নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ১১৯৫। জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কী কী পণ্যে পাটের ব্যবহার চালু রহিয়াছে; তাহা আরো বৃদ্ধি করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

* ১১৯৬। জনাব মোঃ নুরুল ইসলাম সুজন (পঞ্চগড়-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা বোদা ও দেবীগঞ্জ উপজেলায় গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; না হইলে, তাহার কারণ কী?

Bhola

* ১১৯৭। জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত ভোলা জেলার উপজেলা পর্যায়ে কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কী?

* ১১৯৮। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, পাট নিয়া দেশীয় বিজ্ঞানীদের গবেষণায় আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন সম্ভব হইয়াছে; উত্তর হ্যাঁ হইলে, নতুন করিয়া পাট পণ্যের জাগরণ শুরু করিতে সরকার কোনো উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা?

Natore

* ১১৯৯। জনাব মোঃ আব্দুল কালাম (নাটোর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নাটোর জেলার লালপুর ও বাগাতিপাড়া উপজেলায় কোনো সড়ক নির্মাণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ১২০০। শেখ মোঃ নুরুল হক (খুলনা-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সেতু বিভাগের অধীনে কতটি সেতু নির্মাণের কাজ চলমান রহিয়াছে; এবং তাহার নির্মাণ ব্যয় কত; খুলনা জেলায় কোনো সেতু নির্মাণের প্রক্রিয়া চলমান আছে কিনা; থাকিলে, তাহার বিবরণ কী?

Chittagong

* ১২০১। জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক নেটওয়ার্ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের আওতায় সীতাকুন্ড উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; না হইলে গ্রহণ করা হইবে কিনা?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

নং- ৬৮ - মঃসাঃ তাঃ- ২৯/১/১৮



[signature] 1/2/18

উল্লেখিত প্রতিবেদন আগামী ২৩/০১/১৮ তরিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Naogaon



*১২০২। জনাব মোঃ ছলিম উদ্দীন তরফদার (নওগাঁ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নওগাঁ জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী তাহার হিসাব কী?

* ১২০৩ । জনাব মোঃ আফতাব উদ্দিন সরকার (নীলফামারী-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জনস্বার্থে ঢাকা-চিলাহাটি রুটে আর একটি আন্তঃনগর ট্রেন চালু বা নীলসাগর এক্সপ্রেস আপ-ডাউন ফিরতি ব্যবস্থা গ্রহণ করিবেন কী; করিলে, তাহা কতদিনের মধ্যে করা হইবে; না হইলে, কারণ কী?

Sirajganj

*১২০৪। জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিরাজগঞ্জ জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহা কী?

Road Safety

*১২০৫। জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যানবাহনের তুলনায় বাংলাদেশে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার পৃথিবীর মধ্যে প্রায় শীর্ষে। দুর্ঘটনায় মৃত্যুর হার কমাইতে চালকদের মান বাড়ানো, যাত্রী, চালক, মালিক ও বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে সরকার কী ধরনের পরিকল্পনা বা উদ্যোগ গ্রহণ করিয়াছে?

* ১২০৬ । বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার পাটের উৎপাদন বৃদ্ধি এবং রাষ্ট্রায়ত্ত পাটকল শ্রমিকদের কল্যাণে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ১২০৭ । মোছাঃ সেলিনা জাহান লিটা (মহিলা আসন-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার রেলের যাত্রী সেবার মান বৃদ্ধি এবং প্রতিটি লাইনে চলাচলের জন্য ট্রেনের সংখ্যা বৃদ্ধি করিবার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

SE, planning & Programming

*১২০৮। বেগম শিরীন আখতার (ফেণী-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক মহাসড়কে যানজট দীর্ঘ থেকে দীর্ঘতর হইতেছে। যানজট নিরসনকল্পে সড়ক মহাসড়কে লেন বৃদ্ধি, আঞ্চলিক সড়ক চার লেনে, মহাসড়ক ছয় লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

* ১২০৯ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের বস্তি এলাকাগুলিতে বসবাসরত শিশুদের আবাসন ও স্বাস্থ্য নিশ্চিতকল্পে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, তাহা কী?

* ১২১০ । বেগম কাজী রোজী (মহিলা আসন-৪১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা শহরের যোগাযোগ ব্যবস্থা সুগম করিবার লক্ষ্যে আপনার মন্ত্রণালয় বর্তমানে কোনো প্রকল্প হাতে নিয়েছে কী; নিয়া থাকিলে, তাহা কী?

Sub-Regional Road Transport Project

*১২১১। জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের উত্তরবঙ্গের সড়ক মহাসড়কগুলি চারলেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে; না থাকিলে, পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

* ১২১২ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) পাটের বহুমুখী ব্যবহার নিশ্চিত করিবার লক্ষ্যে বর্তমান সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে;

(খ) আমাদের বস্ত্র শিল্প কারখানাসমূহ দেশের বস্ত্র শিল্প চাহিদার শতকরা কতভাগ মিটাইতে পারে; বস্ত্র রপ্তানি ও আমদানির অনুপাত কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।



"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Moulavibazar

*(১২১৩)। জনাব মোঃ আব্দুল মতিন (মৌলভীবাজার-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) মৌলভীবাজার জেলাধীন কুলাউড়া উপজেলার বন্যা বিধ্বস্ত ব্রীজ ও সড়ক উন্নয়নকল্পে বিশেষ কোনো ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(খ) উত্তর হাঁ সূচক হইলে, তাহা কী; কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে?

Sirajganj/Pabna

*(১২১৪)। সেলিনা বেগম (মহিলা আসন-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার দায়িত্বপ্রাপ্ত জেলা সেরাজগঞ্জ ও পাবনা জেলায় গত ৮ বছরে কতটি সেতু নির্মাণ করা হইয়াছে?

Netrokona

*(১২১৫)। বেগম লুৎফা তাহের (মহিলা আসন-৪০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা নেত্রকোনা জেলায় চলতি অর্থ বছরে গুরুত্বপূর্ণ রাস্তা নির্মাণের জন্য কত টাকা বরাদ্দ প্রদান করা হইয়াছে; উপজেলাওয়ারী হিসাব কী?

Shariatpur

*(১২১৬)। এডভোকেট নাভানা আক্তার (মহিলা আসন-২৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শরীয়তপুর জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কোনো বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহা কী?

* ১২১৭ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার মহিলাদের প্রশিক্ষণের জন্য একটি সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) "ক"- প্রশ্নের উত্তর হ্যাঁ সূচক হইলে, তাহা কী?

* ১২১৮ । জনাব এ কে এম রহমতুল্লাহ্ (ঢাকা-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) ইহ্ সত্য কিনা যে, ঢাকাস্থ রেলওয়ে কলোনী আবাসিক এলাকাটি বর্তমানে বিভিন্ন বস্তি, গাড়ীর গ্যারেজ, গরুর খামার, গো চারণ ভুমি সব মিলাইয়া এক ভয়াল বিভীষিকাময় এলাকায় পরিণত হইয়াছে এবং আবাসিক বাসিন্দারা এক বন্দীদশায় বাস করিতেছে; এবং

খ) এতদ্‌বিষয়ে সরকার কঠোর কোনো পদক্ষেপ নিবে কিনা; না নিলে, তাহার কারণ কী?

KMG

*(১২১৯)। জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কাঁচপুর, মেঘনা ও দাউদকান্দি এই তিনটি স্থানের তীব্র যানজটের কারণে জনগণ হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত ফোর লেন সুবিধা ভোগ করিতে পারিতেছেন না। উক্ত তিনটি স্থানের যানজট নিরসনের লক্ষ্যে জরুরি কোনো পদক্ষেপ গ্রহণ করবেন কী?

* ১২২০ । জনাব মোঃ সোহরাব উদ্দিন (কিশোরগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা কটিয়াদি ও পাকুন্দিয়া উপজেলায় গত চার বছরে আপনার মন্ত্রণালয়াধীন যে সকল উন্নয়ন ও সেবামূলক কাজ করা হইয়াছে তাহা কী; নতুন করিয়া কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

Chittagong/Dohazari

*(১২২১)। বেগম মাহজাবীন মোরশেদ (মহিলা আসন-৪৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থবছরের এই পর্যন্ত চট্টগ্রাম জেলায় কোনো সেতু নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

Habiganj

*(১২২২)। মিঃ মোহাম্মদ আব্দুল মুনিম চৌধুরী (হবিগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থবছরে আমার নির্বাচনী এলাকা ২৩৯ হবিগঞ্জ-১ এর নবীগঞ্জ এবং বাহুবল উপজেলায় কোনো নতুন সড়ক নির্মাণ বা পুরাতন সড়ক সংস্কার/মেরামতের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তালিকা কী?



"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ১২২৩ । আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ রহমত আলী (গাজীপুর-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা গাজীপুর সদর ও শ্রীপুর উপজেলায় দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; এবং চলতি অর্থ বছরে ঋণ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা?

* ১২২৪ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় নোয়াখালী জেলায় শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ১২২৫ । জনাব সাধন চন্দ্র মজুমদার (নওগাঁ-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে সরকারি/বেসরকারি পাট কলের সংখ্যা কত; উক্ত পাটকলে কী পরিমাণ পাটজাত পণ্য উৎপাদন করা হইতেছে; এবং উক্ত পাটকল হইতে উন্নতমানের পণ্য উৎপাদন করিবার পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

Norsingdi * ১২২৬ । জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নরসিংদী জেলায় কোনো সড়ক নির্মাণের লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, তাহা কী?

* ১২২৭ । জনাব মোহাম্মদ সুবিদ আলী ভুঁইয়া (কুমিল্লা-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, টঙ্গী হইতে জয়দেবপুর ও কমলাপুর হইতে নারায়ণগঞ্জ পর্যন্ত ডাবল রেলপথ তৈরি করিবার সরকারের পরিকল্পনা আছে কিনা?

Kishoreganj/ Gazipur * ১২২৮ । দিলারা বেগম (মহিলা আসন-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-কিশোরগঞ্জ ভায়া (গাজীপুর-কাপাসিয়া) রাস্তার চার লেনের কাজ কবে নাগাদ শুরু হইবে?

* ১২২৯ । জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম) (মাদারীপুর-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের বস্ত্র খাতে বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করিবার লক্ষ্যে কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, তাহা কী?

Gopalganj * ১২৩০ । বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গোপালগঞ্জ জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সড়ক পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং চলতি অর্থবছরে ইহাতে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

* ১২৩১ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় রেলওয়ে স্টেশনের সংখ্যা কত; উক্ত স্টেশনগুলি আধুনিকায়ন করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

Road Safety * ১২৩২ । জনাব কামরুল আশরাফ খান (নরসিংদী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের হাইওয়েগুলিতে সড়ক দুর্ঘটনা অতিরিক্ত হারে বৃদ্ধি পাইয়াছে। উক্ত সড়ক দুর্ঘটনা রোধকল্পে বিশেষ কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা?

Joypurhat * ১২৩৩ । জনাব সামছুল আলম দুদু (জয়পুরহাট-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়পুরহাট জেলায় সওজের অধীন মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের আওতায় জয়পুরহাট-পাঁচবিবি হিলি পর্যন্ত এবং জয়পুরহাট বাইপাস (জেড-৫৫০৪) সড়ক দুটি মাননীর প্রধানমন্ত্রী গত ২২/০১/২০১২ ইং তারিখে জয়পুরহাট সফরকালে সার্কিট হাউজের মাঠে এক জনসভায় দুই লেন এ উন্নীতকরণ এবং বাইপাস ঘোষণা দিয়াছিলেন। বর্তমান সরকারের সময়ে উক্ত সড়ক দুটির ঘোষণা বাস্তবায়নের কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন কী; করিলে, তাহা কী?



"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ১২৩৪ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রংপুর হইতে সোজা বগুড়া পর্যন্ত একটি রেললাইন স্থাপন করা হইলে ঢাকা যাইতে আরও পাঁচ-ছয় ঘন্টা সময় কম ব্যয় হয়। এই বিষয়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ এই কাজ শুরু করা হইবে?

Sirajganj * ১২৩৫ । গাজী ম, ম, আমজাদ হোসেন মিলন (সিরাজগঞ্জ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রায়গঞ্জ উপজেলার ভূইয়াগাতি হইতে তাড়াশ এবং হামকুড়িয়া পর্যন্ত রাস্তা ২টি সংস্কার/মেরামত করা হইবে কিনা?

Coxsbazar * ১২৩৬ । বেগম খোরশেদ আরা হক (মহিলা আসন-৫০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থবছরের এই পর্যন্ত কক্সবাজার জেলায় কোনো সেতু নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ১২৩৭ । জনাব পঞ্চানন বিশ্বাস (খুলনা-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের স্বামী পরিত্যক্তা, বিধবা ও দুস্থ মহিলাদের জীবন মান উন্নয়নের জন্য বর্তমান সরকারের আমলে কী কী প্রকল্প চলমান রহিয়াছে; এই সকল প্রকল্প খুলনা জেলায় দাকোপ, বটিয়াঘাটা উপজেলায় চালু করা হইয়াছে কিনা; না হইলে, কবে নাগাদ চালু করা হইবে?

* ১২৩৮ । জনাব এম, এ, আউয়াল (লক্ষীপুর-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরে মাধ্যমে লক্ষীপুর জেলায় কোনো ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; এবং চলতি বছরে ঋণ দেওয়া হইবে কিনা?

* ১২৩৯ । বেগম সেলিনা আখতার বানু (মহিলা আসন-৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে মেহেরপুর জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

Rajshahi * ১২৪০ । জনাব এনামুল হক (রাজশাহী-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত রাজশাহী জেলার বাগমারা উপজেলায় কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কী?

Kushtia * ১২৪১ । জনাব আবদুর রউফ (কুষ্টিয়া-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত কুষ্টিয়া জেলার উপজেলা পর্যায়ে কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কী?

Road Safety * ১২৪২ । জনাব সামশুল হক চৌধুরী (চট্টগ্রাম-১২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক দুর্ঘটনা রোধে কোনো সেল গঠনের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, কবে নাগাদ গঠন করা হইবে?

* ১২৪৩ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে যশোর বেনাপোলে কোনো বিআরটিসির বাস চলাচল করে কিনা; করিলে, তাহার সংখ্যা কত; যশোর জেলার প্রতিটি উপজেলায় বাস সার্ভিস চালু করা হইবে কিনা?

* ১২৪৪ । বেগম সানজিদা খানম (মহিলা আসন-২৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের প্রতিটি উপজেলা সদরে বিআরটিসির ড্রাইভিং ইন্সটিটিউট স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহা বাস্তবায়ন করা হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

SRTPPF



*(১২৪৫)। বেগম হোসনে আরা লুৎফা ডালিয়া (মহিলা আসন-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের উত্তর অঞ্চলের রাস্তাগুলি চার লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ নির্মাণ করা হইবে; না থাকিলে, নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

* ১২৪৬ । জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর জেলার সদর ও নলডাঙ্গা উপজেলায় কোনো কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প চালু আছে কিনা; না থাকিলে, গ্রহণ করা হইবে কিনা?

Narayanganj *(১২৪৭)। জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারায়ণগঞ্জ জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপদ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী?

Kishoreganj *(১২৪৮)। জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় সড়ক নির্মাণের লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ১২৪৯ । জাহান আরা বেগম সুরমা (মহিলা আসন-৩২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেনী জেলার উপর দিয়া ঢাকা-চট্টগ্রাম রেল লাইনের সকল ঝুঁকিপূর্ণ রেল ক্রসিংগুলিতে নিরাপত্তার স্বার্থে নতুন গেইট ম্যান নিয়োগের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ১২৫০ । জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ রেলওয়ের প্রচুর পরিমাণ জায়গা অবৈধ দখলে রহিয়াছে। সরকার মাঝে মাঝে উচ্ছেদ অভিযান করিলেও শতভাগ সফলতা কখনো আসে না। সরকার এই বিষয়ে কার্যকারী কোনো উদ্যোগ গ্রহণ করিবে কিনা?

* ১২৫১ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৭১ মুন্সীগঞ্জ-১ (শ্রীনগর-সিরাজদিখান) এর নারী ও শিশুদের কল্যাণ এবং উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত কর্ম পরিকল্পনার বিবরণ কী?

* ১২৫২ । জনাব মোঃ ইসরাফিল আলম (নওগাঁ-৬) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) পাট চাষি ও শিল্প সেক্টরের সোনালী অতীত পুনরুদ্ধারের জন্য বর্তমান সরকারের আমলে কী কী ব্যবস্থা নেওয়া হইয়াছে;

(খ) বস্ত্র ও তাঁত শিল্পের উন্নয়নে গৃহীত ব্যবস্থা এবং তাহার প্রাপ্ত ফলাফল কী?

* ১২৫৩ । জনাব মুহাঃ গোলাম মোস্তফা বিশ্বাস (চাঁপাইনবাবগঞ্জ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা তিনটি উপজেলা নিয়া গঠিত। উক্ত উপজেলাগুলি হইতে প্রতিদিন অনেক মানুষ বিভিন্ন কাজে রাজধানী ঢাকায় যাতায়াত করে। এই জন্য রহনপুর স্টেশন হইতে এসি কেবিন ও এসি চেয়ারের টিকেট দেওয়া হইবে কিনা; হইলে, কবে নাগাদ চালু হইবে?

Comilla *(১২৫৪)। মিসেস আমিনা আহমেদ (মহিলা আসন-৩৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুমিল্লা জেলার দেবিদ্বার ও মুরাদ নগর উপজেলায় সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন সড়কের অংশসমূহ সংস্কার করিবার লক্ষ্যে কোনো অর্থ বরাদ্দ প্রদান করা হইয়াছে কিনা; হ্যাঁ হইলে, উপজেলাওয়ারী হিসাব কী?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"



চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

Manikganj

*১২৫৫ । জনাব এম এ মালেক (ঢাকা-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত ধামরাই উপজেলায় উপজেলা পর্যায়ে কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কী?

Chittagong/ Dohazari

*১২৫৬ । জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী (চট্টগ্রাম-১৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

*১২৫৭ । জনাব মাহ্‌ফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় মহিলাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

EE, land Record & Acquisition

*১২৫৮ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জানুয়ারি ২০১৭ হইতে এই পর্যন্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক সড়ক ও জনপথ বিভাগ কোনো বেদখল জমি উদ্ধার করিয়াছে কিনা; এবং করিলে, কী পরিমাণ জমি উদ্ধার করা হইয়াছে; তাহার মূল্য কত?

*১২৫৯ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে ২০১৬-২০১৭ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে রাজশাহী জেলায় কোনো ঋণ বিতরণ করিয়াছেন কিনা; করিলে, ঋণের পরিমাণ কত; এবং উপজেলাওয়ারী হিসাব কী?

Jhalokathi

*১২৬০ । জনাব বজলুল হক হারুন (ঝালকাঠি-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পিএমপি প্রকল্পের আওতায় ঝালকাঠি সড়ক বিভাগের অধীনে কাঠালিয়া উপজেলার চেচরি রামপুর ইউনিয়নের তফসরের খেয়াঘাট ব্রীজটি দ্রুত নির্মাণের লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা; এবং হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

*১২৬১ । জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের অধিকাংশ রেলওয়ে স্টেশনে ট্রেনের ওঠা নামা করিতে অসুবিধা হয়। কারণ স্টেশনের প্লাটফর্ম নিচু তাই ট্রেনে ওঠা নামার সুবিধার জন্য প্লাটফর্মগুলি উঁচু করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

ঢাকা,
৭ মাঘ, ১৪২৪।
২০ জানুয়ারী, ২০১৮।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।".

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

21.1.18

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

# বাংলাদেশ জাতীয় সংসদ

**২০১৮ সালের ১ ফেব্রুয়ারী, বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।**

৪৪২। জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার রেল প্রকল্প প্রস্তুতিমূলক সুবিধার জন্য কারিগরি সহায়তায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৪৪৩। জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ রেলওয়ের জন্য ১০০টি মিটার গেজ যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে কী কী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করা হইবে?

৪৪৪। জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা বিমানবন্দর রেল ষ্টেশন একটি গুরুত্বপূর্ণ জংশন। অথচ এর অভ্যন্তরীণ পরিবেশ খুবই অপরিচ্ছন্ন। এছাড়া যাত্রীদের সুবিধার্থে ষ্টেশনটির শেডে সংযোজনকৃত সিলিং ফ্যান সমূহের অধিকাংশই অচল। ফলে গরমে যাত্রীদের খুবই দুর্ভোগ পোহাইতে হয়। যাহা কোনো ক্রমেই কাম্য নয়। জরুরীভিত্তিতে ষ্টেশনটির পরিবেশ উন্নত করা ও সিলিং ফ্যানসমূহ যাহাতে সচল থাকে তাহার ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা?

৪৪৫। জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-৪ এর অন্তর্গত রামগতি ও কমলনগর উপজেলায় একটি করিয়া নারী নির্যাতন প্রতিরোধ সেল স্থাপন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহার কার্যক্রম শুরু হইবে?

৪৪৬। জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সম্প্রতি পাট দিয়া পলিথিন তৈরী করিবার কাজ শুরু করা হইয়াছে; দ্রুত ইহার ব্যবহার প্রচলনে উদ্যোগ নেওয়া হইবে কিনা?

৪৪৭। জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারীর ক্ষমতায়ন বৃদ্ধিসহ নারীর সামগ্রিক উন্নয়নের জন্য আমার নির্বাচনী এলাকা ২৬৭ ফেনী-৩ এর সোনাগাজী-দাগনভূঞায় বর্তমান সরকারের শাসনামলে গৃহীত উন্নয়ন প্রকল্পের উপজেলাওয়ারী হিসাব কী?

৪৪৮। জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৭১ মুন্সীগঞ্জ-১ শ্রীনগর-সিরাজদিখানে কোনো পাট/বস্ত্র কল স্থাপন করিবার পরিকল্পনা আপনার মন্ত্রণালয়ের আছে কিনা; যদি থাকিয়া থাকে তাহা হইলে, তাহা কোথায় স্থাপিত হইবে?

৪৪৯। জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, সারাদেশে প্রায় এক হাজার ৪০০ রেলক্রসিংয়ে ওভারপাস তৈয়ারির পরিকল্পনা গ্রহণ করিয়াছে বাংলাদেশ রেলওয়ে; উত্তর সত্য হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

Sylhet

৪৫০। জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেব্রুয়ারী/২০১৪ হইতে নভেম্বর/২০১৭ সময়ের মধ্যে আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলায় কতটি পাকা সড়ক, ব্রীজ ও কালভার্ট নির্মাণ করা হইয়াছে; এবং ইহাতে কী পরিমাণ অর্থ ব্যয় হইয়াছে?

৪৫১। বেগম মাহজাবিন খালেদ (মহিলা আসন-১৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেল যোগাযোগের সার্বিক উন্নয়ন ও বাংলাদেশের বিভিন্ন জায়গায় নতুন রেল সংযোগ স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; জামালপুর জেলার বিভিন্ন রেল ষ্টেশনগুলিতে উন্নয়নের পরিকল্পনা সরকারের আছে কিনা?

ডিজাইন এবং ডেভেলপার ডিজিটাল নেটওয়ার্ক সিস্টেম e-mail:kzillur@dhaka.net, digital_net_bd@yahoo.com

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সকল কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

৪৫২ । জনাব মোঃ ছলিম উদ্দীন তরফদার (নওগাঁ-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার টেক্সটাইল ভকেশনাল ইন্সটিটিউট বা সমজাতীয় কোনো প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করিবার পরিকল্পনা আছে কিনা; প্রশ্নের উত্তর হ্যাঁ সূচক হইলে, প্রতিষ্ঠানটি কবে নাগাদ নির্মাণ করা হইবে?

Sylhet ৪৫৩ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলায় কোনো সেতু নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার অবস্থান কোথায়; এবং ইহাতে কী পরিমাণ অর্থ ব্যয় হইয়াছে?

৪৫৪ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় চাঁদপুর জেলায় শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

৪৫৫ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে চাঁদপুর জেলায় কোনো প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৪৫৬ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে ২০১৬-২০১৭ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে চাঁদপুর জেলায় কোনো ঋণ বিতরণ করিয়াছেন কিনা; করিলে, ঋণের পরিমাণ কত; এবং উপজেলাওয়ারী হিসাব কী?

৪৫৭ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৯ সালের ১লা জানুয়ারি হইতে এই পর্যন্ত সময়ে মোট কতটি রেল দুর্ঘটনা সংগঠিত হইয়াছে; এবং উক্ত দুর্ঘটনায় জানমালের ক্ষতির পরিমাণ কত?

৪৫৮ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে রাষ্ট্রায়ত্ত পাটকলের সংখ্যা কত; এগুলি কোথায় কোথায় অবস্থিত; ২০০৯-২০১০ অর্থ বছর হইতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত সময়ে উক্ত পাটকলগুলির লাভ-লোকসানের হিসাব কী?

৪৫৯ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনী-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে কোনো জেলায় বেশি পাট উৎপাদন হয়; এবং পাটের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিতকল্পে সরকার গত ৮ বছরে কী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে?

৪৬০ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে দক্ষ মোটর ড্রাইভার তৈরির লক্ষ্যে ফেনী জেলা সদরে বিআরটিসি কর্তৃক একটি মোটর ড্রাইভিং প্রশিক্ষণ সেন্টার প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

Tangail ৪৬১ । খন্দকার আবদুল বাতেন (টাঙ্গাইল-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বন্যা ও অতি বৃষ্টির কারণে আমার নির্বাচনী এলাকা নাগরপুর ও দেলদুয়ারের রাস্তা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে। টাঙ্গাইল-দেলদুয়ার উপজেলা রাস্তা (সড়ক বিভাগের আওতাধীন) একটি জনগুরুত্বপূর্ণ রাস্তা। রাস্তাটি কবে নাগাদ সংস্কার করা হইবে?

৪৬২ । খন্দকার আবদুল বাতেন (টাঙ্গাইল-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সংসদ-সদস্যদের অনুকূলে খুবই সামান্য সংখ্যক সেলাই মেশিন বরাদ্দ দেওয়া হয়। যাহা চাহিদার তুলনায় অপ্রতুল। সেলাই মেশিন বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করা হইবে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

৪৬৩ । বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশের মহিলাদের আত্মনির্ভরশীল করিয়া গড়িয়া তুলিবার লক্ষ্যে দেশের প্রতিটি ইউনিয়নে একটি করিয়া সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং মহিলাদের কর্মসংস্থানের জন্য চলতি অর্থবছরে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

৪৬৪ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা চট্টগ্রাম-৩ সন্দ্বীপ উপজেলায় মহিলা ও শিশুদের কল্যাণে চলমান কোনো প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

Chittagong

৪৬৫ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন দেলোয়ার খা সড়ক এবং গুপ্তছড়া সড়ক দুইটিকে ১২ ফুট হইতে ২৪ ফুটে উন্নীতকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৪৬৬ । বেগম উম্মে রাজিয়া কাজল (মহিলা আসন-৪৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের জন্য এবং যানবাহন চলাচল নিরাপদের নিমিত্ত রেল ক্রসিংসমূহে প্রহরী নিশ্চিতকরণসহ ইহা আধুনিকায়নের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

ঢাকা,
৭ মাঘ, ১৪২৪ ।
২০ জানুয়ারী, ২০১৮।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ
এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ
eemonrhd@gmail.com আবশ্যিকভাবে
প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

21-01-18

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।